

মাঠ পর্যায়ের কার্যক্রম এর ই-মনিটরিং প্রতিবেদন

| | |
|--|---|
| ই-মনিটরিং এর তারিখ | : ২৬/০৪/২০২৩ খ্রিঃ। |
| ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী | : মোঃ মাহবুবুল হক উপসচিব (উন্নয়ন-১ শাখা) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |
| ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/ কার্যক্রম | : তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প এর আওতায় ফুলগাজী প্রশিক্ষণ কেন্দ্রে চলমান প্রশিক্ষণ কার্যক্রম। |
| ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/ কার্যক্রম এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী | : জনাব ফাহিমা আক্তার নুপুর, প্রশিক্ষক (ক্যাটারিং)। |

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিলক্ষিত বিষয়সমূহ :

২৬/০৪/২০২৩ খ্রিঃ দুপুর ২:০০ ঘটিকায় ফেনী জেলার ফুলগাজী উপজেলায় 'তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প' এর আওতায় চলমান প্রশিক্ষণ কার্যক্রম ই-মনিটরিং করি। প্রকল্পের আওতায় সকাল ৯টা হতে দুপুর ১২টা এবং দুপুর ০১টা হতে বিকাল ৪টা পর্যন্ত প্রতিদিন ০২টা ব্যাচের ৮০ (আশি) দিন মেয়াদে ক্যাটারিং বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ব্যাচে প্রশিক্ষার্থীর সংখ্যা ২৫ জন। বিগত ১২/৪/২০২৩ তারিখে চলমান প্রশিক্ষণ কার্যক্রমটি শুরু হয়েছে।

ই-মনিটরিংকালে ২৩জন প্রশিক্ষার্থী উপস্থিত ছিলেন। ০২জন প্রশিক্ষার্থী ০২দিন যাবৎ অনুপস্থিত রয়েছেন এবং তারা অনুপস্থিতির কারণ জানাননি মর্মে প্রশিক্ষক জানান। প্রশিক্ষার্থীদের দৈনিক ১৫০/- টাকা ভাতা প্রদান করা হয় এবং অনুপস্থিতির ক্ষেত্রে ভাতা দেয়া হয় না। ই-মনিটরিংকালে জানা যায় যে, জাতীয় মহিলা সংস্থার কোর্স কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

ই-মনিটরিংকালে প্রশিক্ষার্থীগণের মধ্য হতে ০২ জনের (ফারহানা ইসলাম মিতু ও আয়েশা আক্তার) সাথে আলোচনায় জানা যায় যে, মফস্বলে মহিলাদের জন্য ক্যাটারিং ব্যবসা খুব বেশি প্রচলিত নয়। ক্যাটারিং ব্যবসা এবং এর সাথে সম্পৃক্ত হয়ে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এরূপ প্রশিক্ষণের মাধ্যমে তারা উপকৃত হবেন এবং একক উদ্যোগের পাশাপাশি তারা গুপ গঠন করে উদ্যোক্তা হিসেবে কাজ করার অভিপ্রায় ব্যক্ত করেন।

মন্তব্য/সুপারিশ :

- ১। হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্ব আরোপ করতে হবে।
- ২। প্রশিক্ষণলব্ধ জ্ঞান যথাযথ ব্যবহারের বিষয়টি নিবিড় তদারকির মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টিতে সহায়তা করার জন্য প্রকল্প দপ্তর ও জাতীয় মহিলা সংস্থাকে পরামর্শ প্রদান করা হলো।
- ৩। প্রশিক্ষণে উপস্থিতির রেকর্ড অনুযায়ী যথাসময়ে ভাতা পরিশোধ নিশ্চিত করতে হবে।
- ৪। প্রশিক্ষার্থী নির্বাচনকালে উদ্যোক্তা হওয়ার আগ্রহের বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে।



(মোঃ মাহবুবুল হক)
উপসচিব (উ:- ১)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।